# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৮৪৫

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৪৩. দু’ সাজদার মাঝখানে বসা

باب الإِقْعَاءِ بَيْنَ السَّجْدَتَيْنِ

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ مَعِينٍ، حَدَّثَنَا حَجَّاجُ بْنُ مُحَمَّدٍ، عَنِ ابْنِ جُرَيْجٍ، أَخْبَرَنِي أَبُو الزُّبَيْرِ، أَنَّهُ سَمِعَ طَاوُسًا، يَقُولُ قُلْنَا لاِبْنِ عَبَّاسٍ فِي الإِقْعَاءِ عَلَى الْقَدَمَيْنِ فِي السُّجُودِ . فَقَالَ هِيَ السُّنَّةُ . قَالَ قُلْنَا إِنَّا لَنَرَاهُ جَفَاءً بِالرَّجُلِ . فَقَالَ ابْنُ عَبَّاسٍ هِيَ سُنَّةُ نَبِيِّكَ صلى الله عليه وسلم

ـ صحيح : م

বাংলা

৮৪৫। ইবনু জুরাইজ সূত্রে বর্ণিত। তিনি বলেন, আবূ জুবাইর ত্বাউস থেকে শুনে আমাকে বলেছেন যে, আমরা ইবনু ’আব্বাস (রাঃ)-কে দু’ সাজদার মাঝে দু’ পায়ের গোড়ালির উপর পাছা রেখে বসা সম্পর্কে জিজ্ঞেস করলে জবাবে তিনি বলেন, এটি সুন্নাত। ত্বাউস বলেন, আমরা বললাম, আমরা এরূপ করাকে পায়ের জন্য কষ্টকর মনে করি। জবাবে ইবনু ’আব্বাস (রাঃ) বললেন, এরূপ করা তোমার নবীর (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) সুন্নাত।[1]

সহীহ : মুসলিম।

## English

Tawus said:
we asked Ibn ‘Abbas about sitting on heels between the two prostrations. He said: It is the sunnah. We said: We look upon it as a pressure on the foot. He said: This is the sunnah of your Prophet(ﷺ)

ফুটনোট

[1] মুসলিম (অধ্যায় : মাসাজিদ, দু’ পায়ের উপর ইক্বাআ করা জায়িয সম্পর্কে), তিরমিযী (অধ্যায়: আবওয়াবুস সালাত, অনুঃ ইক্বাআ করার অনুমতি, হাঃ ২৮৩, ইমাম তিরমিযী বলেন, এ হাদীসটি হাসান ও সহীহ), আহমাদ (হাঃ ২৮৫৫), ইবনু খুযাইমাহ (অনুঃ দু’ পায়ের উপর ইক্বাআ করা বৈধ, হাঃ ৬৮০) সকলে আবূ যুবাইর হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ ইবনু জুরায়জ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58163

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন